ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ **সারাদিন**

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



সিনেমা বিশ্লেষকদের 'মূর্খ' বললেন শাহরুখ!

পৃঃ ৫



এমবাপ্পের জোড়া গোল, ফ্রেঞ্চ কাপের শেষ ষোলোয় পিএসজি

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০২৫ ● কলকাতা ● ১০ মাঘ, ১৪৩০ ● বৃহস্পতিবার ● ২৫ জানুয়ারী, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## শাহজাহানকে ডেডলাইন বেঁধে দিল ইডি, বাড়িতে নোটিস সাঁটিয়ে ফিরলেন তদন্তকারীরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বুধবার সকাল পৌনে সাতটা। সন্দেশখালিতে ফেরার তৃণমূল নেতা শাহজাহান শেখের বাড়িতে পৌঁছেছিলেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। তালা ভেঙে সকাল ৭ টা ৪৫ মিনিট নাগাদ সন্দেশখালিতে তৃণমূল নেতা শাহজাহান শেখের বাড়িতে ঢোকে ইডি।গত ৫ জানুয়ারি রেশন দুর্নীতির তদন্তে সন্দেশখালিতে শাহজাহানের বাড়িতে হানা দিয়েছিল ইডি। সেদিন রীতিমতো মার খেয়ে এলাকা ছাড়তে হয়েছিল কেন্দ্রীয় এজেন্সির কর্তাদের। মাথা ফেটেছিল তিন অফিসারের। তারপর থেকেই খোঁজ নেই শাহজাহান শেখের। হদিশ পেতে আদালতের নির্দেশে গত ১৬ জানুয়ারি শাহজাহানের বাড়ির সামনে সিসিটিভি ক্যামেরা বসানো হয়। সিসিটিভি ক্যামেরা বসানোর আগেই কি বাড়ির যাবতীয় গুরুত্বপূর্ণ নথি সরিয়ে ফেলা হয়েছে? এ ব্যাপারে নিশ্চিত হতে সিসিটিভি ক্যামেরার ছবি দেখার জন্য বুধবারই আদালতে আবেদন জানানো বলে বলে ইডির একটি সূত্রের দাবি।ভাঙা হয় বাড়ির ভেতরের আরও একাধিক তালা। অবশেষে দেড়টা নাগাদ তল্লাশি অভিযান শেষে বেরিয়ে যান তদন্তকারীরা।

এরপর ৩ পাতায়

## মমতার 'একলা চলো' নীতিতে অবাক নয় শিব সেনা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কংগ্রেসের সঙ্গে জোট নয়। লোকসভায় 'একলা চলো'র বার্তা স্পষ্ট করে দিয়েছেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার তিনি একপ্রকার ঘোষণা করে দিয়েছেন, বাংলায় সব আসনে একাই লড়বে তৃণমূল। মুখ্যমন্ত্রীর এই ঘোষণা বিরোধীদের জন্য বিনা মেঘে বজ্রপাতের মতো।যদিও কংগ্রেস এখনও তৃণমূলের সঙ্গে জোটের আশা ছাড়তে নারাজ। হাত শিবির স্পষ্ট করে দিয়েছে, "তৃণমূল এবং কংগ্রেস ইন্ডিয়া জোটের শক্ত দুই স্তম্ভ। তৃণমূলকে ছাড়া ইন্ডিয়া জোট ভাবাই যায় না। বাংলায় আমরা জোট হিসাবেই লড়ব। বিজেপিকে হারাতে যা করার করব।"মমতার মতো প্রভাবশালী নেত্রী জোট ছেড়ে বেরিয়ে গেলে 'ইন্ডিয়া'র ভবিষ্যত নিয়ে যে প্রশ্ন উঠে যাবে। যদিও ইন্ডিয়া জোটের অন্য শরিকেরা এখনই আতঙ্কিত হতে নারাজ।

শিব সেনার উদ্ধব শিবির বলছে, মমতার এই সিদ্ধান্ত অপ্রত্যাশিত নয়। এর ফলে জাতীয় স্তরে বা মহারাষ্ট্রে ইন্ডিয়া জোটে কোনওরকম প্রভাব পড়বে না। শিব সেনার সূত্র বলছে, মমতার এই সিদ্ধান্ত প্রত্যাশিত ছিল। আসলে কংগ্রেসের সঙ্গে তাঁর জোটের বিশেষ সুযোগ ছিল না। তবে মহারাষ্ট্রে এই জোট অক্ষত। মহারাষ্ট্রের আরেক দল এনসিপির শরদ পওয়ার শিবির আবার বলছে, মমতার এই সিদ্ধান্ত হয়তো কৌশলগত। এনসিপির এক মুখপাত্রর কথায়, মমতা ইন্ডিয়া জোটের গুরুত্বপূর্ণ নেত্রী। তিনি এই সিদ্ধান্ত নিশ্চয় কোনও কৌশলগত জায়গা থেকে নিয়েছেন।"ইন্ডিয়া জোটের আরেক গুরুত্বপূর্ণ শরিক আম আদমি পার্টি বলছে, বাংলায় আসন সমঝোতা কঠিন। দীর্ঘদিন বাংলায় বাম এবং কংগ্রেস তৃণমূলের বিরুদ্ধে লড়ছে। তাই তৃণমূলের সঙ্গে আসন সমঝোতা বেশ কঠিন। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় এবং রাহুল গান্ধী দুজনেই বিজেপিকে হারাতে সচেষ্ট। বিহারের শাসক দল আরজেডিও বলছে, সময় দিলে এই সমস্যা মিটে যাবে। যদি কোনও সমস্যা থেকেও থাকে, সেটা আমরা আলোচনার মাধ্যমে মিটিয়ে নেব।"

## মেডিক্যাল তদন্তও সিবিআইকে দিলেন বিচারপতি গঙ্গোপাধ্যায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পুলিশে কোনও আস্থা নেই কলকাতা হাই কোর্টের, সরাসরিই জানিয়ে দিলেন বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়। আর এই যুক্তিতেই রাজ্যের আরও একটি দুর্নীতির মামলার তদন্তভার তিনি দিলেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআইকেই। প্রসঙ্গত, মেডিক্যাল কলেজে ভর্তির এই মামলাটি গত বছর থেকেই চলছে বিচারপতির এজলাসে। চিকিতসক হওয়ার প্রশিক্ষণে অযোগ্যেরা গুরুত্ব পেয়েছেন জেনে আদালতেই ক্ষোভপ্রকাশ করেছিলেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। মামলাকারী আদালতে যে ৫০ জনের নাম জমা দিয়েছিলেন, তাঁদের প্রত্যেকের শংসাপত্র খতিয়ে দেখতে বলেন বিচারপতি। গত ১৬ অক্টোবর ওই ৫০ জনকে মামলায় যুক্ত করারও নির্দেশও দিয়েছিলেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। পাশাপাশি রাজ্যের স্ক্রুটিনি কমিটিকে বলেছিলেন বিষয়টি খতিয়ে দেখার জন্য।

৩০ নভেম্বরের মধ্যে এই খতিয়ে দেখার কাজ সম্পন্ন করতে বলেছিলেন বিচারপতি। গত ১৪ ডিসেম্বরে রাজ্য জানায়, এমন ১৪ জন প্রার্থীকে খুঁজে পাওয়া গিয়েছে, যাঁরা ভুয়ো শংসাপত্র ব্যবহার করেছিলেন। বিচারপতি দু'সপ্তাহের মধ্যেই তাঁদের বরখাস্ত করার নির্দেশ দেন। তাঁদের বিরুদ্ধে ফৌজদারি মামলা করে তদন্ত শুরু করতেও বলেছিলেন বিচারপতি। বুধবার এই মামলাতেই সিবিআই তদন্তের নির্দেশ দেন বিচারপতি। বুধবার কলকাতা হাই কোর্টে

এরপর ৩ পাতায়

ভর্তি চলছে ভর্তি চলছে

শিক্ষা শান্তি সাফল্য

আল-আলামিয়াহ্ মিশন

স্থাপিত ঃ ২০২০

পরিচালনায় - মালিওর মিলন পল্লী কল্যাণ সমিতি

Regd. No. - S/1L/75246

প্রসপেক্টাস-২০২৪




এলকেজি থেকে দশম শ্রেণী পর্যন্ত

ঠিকানা ঃ গ্রাম ও পোঃ - মালিওর, থানা - হরিশচন্দ্রপুর, জেলা - মালদহ, পিন - ৭৩২১২৫

যোগাযোগ ঃ 9733344923 (Clerk) ● 7368865372 (H.M.) 8372877005 (Director) ● 9733482306 (Secretary)

alalamiahmision2010@gmail.com

ভবানী চাইল্ড ইনস্টিটিউট



ভর্তি চলছে

- ২০২৪শিক্ষাবর্ষের নার্সারি শ্রেণির পঠন-পাঠন ৬ই ডিসেম্বর বুধবার ২০২৩ থেকে শুরু হবে।
- আসন সংখ্যা সীমিত।অভিভাবকদের নীচের মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য জানানো যাচ্ছে।

ভর্তির সময়- সকাল ৯টা থেকে বেলা ১টা।

যোগাযোগ-

9083249944 / 9083249933 / 9083249922

## মণিপুরের সুপ্রাচীন দুর্গে

# জনসভার ডাক প্রতিরক্ষা গোষ্ঠীর, শয়ে শয়ে নিরাপত্তা কর্মী ঘিরে ফেলেছেন এলাকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মণিপুরে অশান্তির আগুন ধিকিধিকি জ্বলছেই। গত দুই সপ্তাহে সন্দেহভাজন জঙ্গিদের হাতে খুন হয়েছেন চার জন কাঠমিস্ত্রি, দু'জন পুলিশ কমান্ডো এবং এক জন গ্রাম-রক্ষা স্বেচ্ছাসেবক। তার পরেই আগামী বৃহস্পতিবার রাজধানী ইম্ফলের কেন্দ্রস্থলে ঐতিহাসিক কাংলা ফোর্টের ভিতরে জনসভার ডাক দিয়েছে একটি গ্রাম প্রতিরক্ষা গোষ্ঠী।সাসপেনশন অফ অপারেশন' চুক্তি অনুযায়ী বিদ্রোহীদের নির্দিষ্ট কিছু ক্যাম্পে রাখা হয়েছে। অভিযোগ, ২০২৩ সালের মে মাসে কুকি ও মেইতেইদের মধ্যে জাতি সংঘর্ষ শুরু হওয়ার পর বেশ কিছু ক্যাম্পে বিদ্রোহীদের পূর্ণ উপস্থিতি লক্ষ্য করা যায়নি। গত সপ্তাহতেই মণিপুরের নিরাপত্তা উপদেষ্টা কুলদীপ সিংহ জানিয়েছিলেন, মায়ানমারের বিদ্রোহীরা সীমান্তবর্তী মোরেহ শহরে নিরাপত্তা বাহিনীর উপর হামলা চালাতে পারে। যদিও এর কোনও প্রমাণ পাওয়া যায়নি। তবে, কুলদীপ নিরাপত্তা বাহিনীর উপর আক্রমণের ঘটনায় কুকি বিদ্রোহীদের জড়িত থাকার বিষয়টি স্বীকার করে নিয়েছেন।অশান্তির আশঙ্কায় তার ২৪ ঘণ্টা আগেই একদা মণিপুর সাম্রাজ্যের ক্ষমতার কেন্দ্রবিন্দু কাংলা ফোর্টের চারপাশ ঘিরে ফেললেন রাজ্য এবং কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনীর শয়ে শয়ে জওয়ান। 'আরাম্বাই টেঙ্গোল' নামে ওই গ্রাম প্রতিরক্ষা গোষ্ঠীর তরফে সমস্ত বিধায়কদের আমন্ত্রণ জানানো হয়েছে বৃহস্পতিবারের জনসভায়। সূত্রের খবর, মণিপুরের জাতি সংঘর্ষ নিয়ে সেখানে নিজেদের অবস্থান স্পষ্ট করবেন নেতা-নেত্রীরা। কঠোর নিরাপত্তা সত্ত্বেও আজ বুধবার থেকেই ফোর্টে জমায়েত শুরু করেছেন 'আরাম্বাই টেঙ্গোল'-এর সদস্যরা।

সোমবার রাতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তিন সদস্যের একটি বিশেষ দল ইম্ফলে এসে 'আরাম্বাই টেঙ্গোল'-এর সদস্যদের সঙ্গে দেখা করে। মঙ্গলবার ফের বৈঠকে বসে তারা। স্বরাষ্ট্র মন্ত্রকের উত্তর-পূর্ব বিষয়ক উপদেষ্টা এ কে মিশ্রের নেতৃত্বে দলটি রাজ্যসভার সাংসদ লিশেম্বা সানাজাওবার বাড়িতে বৈঠকে বসেছিল। এ সবের মধ্যেই নাগা উপজাতির নেতা-সহ রাজ্যের মোট ৩৫ জন বিধায়ক কেন্দ্রের কাছে দাবি জানিয়েছেন, বিদ্রোহী ২৫টি কুকি গোষ্ঠীর সঙ্গে 'সাসপেনশন অফ অপারেশন' চুক্তি বাতিল করতে হবে। অন্যথায় জনগণের সঙ্গে আলোচনা করে 'যথাযথ ব্যবস্থা' নেবেন তাঁরা। এই 'যথাযথ ব্যবস্থা' আদতে প্রচ্ছন্ন হুমকি বলেই মনে করছে রাজনৈতিক মহল। এমনকি, এর জেরে রাজ্যের বিজেপি সরকারও পড়ে যেতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

সোমবার একটি রেজোলিউশনে বিধায়করা জানিয়েছেন, কেন্দ্র, রাজ্য এবং ২৫টি কুকি গোষ্ঠীর মধ্যে ত্রিপাক্ষিক 'সাসপেনশন অফ অপারেশন' চুক্তি বাতিল করা হলে নিরাপত্তা বাহিনী পুরোদমে কুকি বিদ্রোহীদের বিরুদ্ধে অভিযান শুরু করতে পারবে।

## ৮৩৭ কোটির বড় উপহার,

# মমতার হাত দিয়ে আজই পেতে চলেছেন এই জেলার বাসিন্দারা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শিয়রে লোকসভা নির্বাচন। এই লোকসভা নির্বাচনকে ঘিরে দেশজুড়ে শুরু হয়ে গিয়েছে রাজনৈতিক দলগুলির প্রস্তুতি আর ততপরতা। রাম মন্দির উদ্বোধন করে লোকসভা নির্বাচনের লড়াইয়ে এখন অনেকটাই এগিয়ে রয়েছে বিজেপি বলেই মনে করছেন রাজনৈতিক মহলের বিশেষজ্ঞরা। এমন পরিস্থিতিতে কংগ্রেস ন্যায় যাত্রার মাধ্যমে মানুষের কাছে আসতে চাইছে।এদিন যে সকল প্রকল্প মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে পূর্ব বর্ধমান ও পশ্চিম বর্ধমানের বাসিন্দারা উপহার পাবেন তার অধিকাংশ রাস্তা তৈরির জন্য এবং পানীয় জলের জন্য। বেশ কিছু প্রকল্প রয়েছে পড়ুয়াদের হোস্টেল সহ পরিকাঠামগত বিভিন্ন উন্নয়নের জন্য। বেশ কিছু প্রকল্প রয়েছে যেগুলির মধ্য দিয়ে স্বাস্থ্য পরিষেবাকে আরও উন্নত করার ব্যবস্থা করা হবে। সব মিলিয়ে এদিন ৮৩৭ কোটি টাকার উপহার পেতে চলেছে পূর্ব ও পশ্চিম বর্ধমানের বাসিন্দারা।এমন পরিস্থিতিতে তৃণমূল কংগ্রেস যে পিছিয়ে রয়েছে তাও নয়। তাদের তরফ থেকেও সংহতি যাত্রা থেকে শুরু করে বিভিন্ন জায়গায় সভা, কর্মীসভার মধ্য দিয়ে ভোট টানার প্রচেষ্টা চালানো হচ্ছে। এসবের মধ্যেই বুধবার রাজ্যের এক জেলার বাসিন্দারা ৮৩৭ কোটি টাকার উপহার পেতে চলেছেন। বিভিন্ন সরকারি প্রকল্পের মধ্য দিয়ে এই বিপুল পরিমাণ টাকার উপহার দেওয়া হবে। মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় নিজের হাতে এই সকল প্রকল্পের সূচনা করবেন।

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত দিয়ে বুধবার সূচনা হবে ৫৪৭টি প্রকল্পের। এই সমস্ত প্রকল্পের জন্য মোট ৮৩৭.৭১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই সকল প্রকল্পের মধ্যে অধিকাংশ প্রকল্প থাকছে পূর্ব বর্ধমান জেলার জন্য। কিছু কিছু প্রকল্প থাকছে পশ্চিম বর্ধমান সহ অন্যান্য জেলার জন্য। এদিন যে সকল প্রকল্পের সূচনা হবে সেইসব প্রকল্পের মধ্য দিয়ে অন্ততপক্ষে ৩ লক্ষ ৮৭ হাজার মানুষ সুবিধা পাবেন বলে জানা গিয়েছে।উল্লেখযোগ্য যে সকল প্রকল্পগুলি রয়েছে সেগুলি হল বর্ধমান থেকে আরামবাগ রাস্তা (রাজ্য সড়ক-৭) ৬.৫০ কি.মি. থেকে ৩২.৬২৫ কি.মি. পর্যন্ত প্রশস্তিকরণ এবং বৃদ্ধি। খরচ ৭৮.৯৫ কোটি। এছাড়াও ২০০ জন ছেলে এবং ২০০ জন মেয়েদের জন্য নতুন হোস্টেল ভবনের নির্মাণ, যার খরচ ২১.০৬ কোটি। বিষ্ণুপুর ও পার্শ্ববর্তী এলাকায় পানীয় জলের জন্য বরাদ্দ ১৬.১১ কোটি। এরকম আরও বেশ কিছু পানীয় জলের প্রকল্পের উদ্বোধন হবে।

## আজ মরেই যেতাম,

# ২০০ কিমি বেগে গাড়ি আমার কনভয়ে ঢুকে পড়ে: মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বর্ধমান থেকে ফেরার পথে দুর্ঘটনার কবলে পড়েন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর মাথায় চোট লেগেছে। তা নিয়েই বুধবার সন্ধ্যায় রাজভবনে যান মমতা। সেখান থেকে বেরিয়ে জানান, যে ভাবে দুর্ঘটনাটি ঘটেছে, তাতে তাঁর মৃত্যুও হতে পারত। একটি গাড়ি ২০০ কিলোমিটার প্রতি ঘণ্টা বেগে তাঁর কনভয়ে ঢুকে পড়েছিল।প্রসঙ্গত, বুধবার বর্ধমানের গোদার মাঠে প্রশাসনিক সভা ছিল মমতার। সভা শেষে কলকাতা ফেরার জন্য গাড়িতে ওঠেন মুখ্যমন্ত্রী। সভাস্থল থেকে চড়াই পথে জিটি রোডে ওঠার মুখে আচমকাই ব্রেক কষেন গাড়িচালক। সেই ঝাঁকুনিতেই কপালে আঘাত পান মুখ্যমন্ত্রী। যদিও গাড়ি না-থামিয়ে মমতা সরাসরি কলকাতার উদ্দেশে রওনা দেন। এক প্রত্যক্ষদর্শীর দাবি, আঘাত পাওয়ার পরেই কপালে রুমাল বেঁধে নেন মমতা।

বর্ধমান থেকে হেলিকপ্টারে কলকাতায় ফেরার কথা ছিল মুখ্যমন্ত্রীর। গিয়েও ছিলেন হেলিকপ্টারেই। কিন্তু সভা চলাকালীন আবহাওয়া খারাপ হতে শুরু করে। কুয়াশার পাশাপাশি চলছিল বৃষ্টিও। সেই কারণে মুখ্যমন্ত্রী সড়কপথে কলকাতা ফেরার সিদ্ধান্ত নেন। কলকাতায় ফিরেই তাঁর কনভয় সোজা গিয়েছে রাজভবনে। সেখান থেকে বেরিয়ে বাড়ি গিয়েছেন মমতা।যে কারণে তাঁর চালক ব্রেক কষতে বাধ্য হন। এখনও মাথা টনটন করছে বলে জানান মমতা।

রাজভবন থেকে বেরিয়ে মমতা জানান, রাজ্যপালের সঙ্গে তাঁর সদর্থক বৈঠক হয়েছে। তার পরেই তাঁকে দুর্ঘটনা সংক্রান্ত প্রশ্ন করা হয়। মমতার মাথায় ছোট ব্যান্ডেজ বাধা ছিল। তিনি বলেন, "একটা গাড়ি আমার গাড়ির সামনে আচমকা চলে আসে। ২০০ কিলোমিটার বেগে ওই গাড়িটা যাচ্ছিল। আমার গাড়ি গলি দিয়ে বেরোচ্ছিল। আমার চালক বুদ্ধিমানের মতো জোরে ব্রেক কষে। পুরো ড্যাশবোর্ডটা এসে আমার মাথায় লেগেছে। একটু রক্তও পড়েছে। এখন ফুলে আছে সামান্য।"

মাথায় এখনও ব্যথা করছে বলে জানান মমতা। বলেন, "মাথাটা এখনও টনটন করছে। তাই নিয়েই কাজ করলাম। আমার মনে হচ্ছে জ্বর আসছে। গা গোলাচ্ছে। হালকা ঠান্ডাও লাগছে। এখন একটু বাড়ি যাচ্ছি।"পরিস্থিতির বর্ণনা দিতে গিয়ে মুখ্যমন্ত্রী আরও বলেন, "আমার গাড়ির কাচ খোলা ছিল। যদি কাচ বন্ধ থাকত, আমার মৃত্যু হতে পারত। কাচ ভেঙে ড্যাশবোর্ড-সহ আমার সারা গায়ে ঢুকে যেত। মানুষের আশীর্বাদে বেঁচে গিয়েছি। আমি ওষুধ খেয়েছি। আপাতত হাসপাতালে যাচ্ছি না।"

কোন গাড়ি মুখ্যমন্ত্রীর কনভয়ে ঢুকে পড়ে? সে প্রসঙ্গে মমতা কোনও মন্তব্য করতে চাননি। বলেন, "অনেক সময়ে অনেকে অন্য কারও গাড়ি ব্যবহার করে। সে বিষয়টি পুলিশ তদন্ত করে দেখুক। আইনের হাতে ছেড়ে দিচ্ছি। এটা নিয়ে আমি কোনও মন্তব্য করতে চাই না।"

পূর্ব বর্ধমানের পুলিশ সুপার আমনদীপ বলেন, "কোন গাড়ি মুখ্যমন্ত্রীর কনভয়ে ঢুকে পড়েছে, আমরা তদন্ত করে দেখছি।"

## রেশন দোকানের উপর সরাসরি নজরদারির সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকারের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রেশন দুর্নীতির তদন্ত নিয়েও উত্তাল বাংলার রাজনীতি। রেশন-তদন্তে নেমে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) গ্রেফতার করেছে রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক ও বনগাঁ পুরসভার প্রাক্তন চেয়ারম্যান শঙ্কর আঢ্যকে। এই তদন্তে গিয়েই উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে তৃণমূল নেতা শেখ শাহজাহানের বাড়িতে আক্রান্ত হতে হয়েছিল ইডির আধিকারিকদের।প্রত্যাশিত ভাবেই রাজ্যের প্রধান বিরোধীদল বিজেপি বিষয়টি নিয়ে সরব হয়েছে। রেশনে কেন্দ্রের কড়া নজরদারি প্রসঙ্গে বিজেপির বিধায়ক মিহির

এরপর ৩ পাতায়

## লোকসভা ভোটে কর্মীদের চাঙ্গা করতে

# ফের বঙ্গ সফরে অমিত শাহ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শিয়রে লোকসভা নির্বাচন। তার আগে বঙ্গের দলীয় কর্মীদের চাঙ্গা করতে ফের বঙ্গসফরে অমিত শাহর। আগামী ২৮ জানুয়ারি একাধিক কর্মসূচি নিয়ে বাংলায় আসছেন কেন্দ্রীয় স্বারাষ্ট্রমন্ত্রী।আসন্ন লোকসভায় ৩৫ আসনে জয়ের ডাক দিয়েছেন অমিত শাহ। সেই লক্ষ্যেই রাজ্যনেতাকে কাজের নির্দেশ নেওয়া হয়েছে। বিজেপি অন্দরের খবর, কেন্দ্রীয় কমিটি বাংলার নেতৃত্বদের ওপর খুব একটা সন্তুষ্ট নন বাংলার ফলাফল নিয়ে। দলের অভ্যন্তরীণ সমীক্ষা রিপোর্ট বাংলার লোকসভা আসনের লক্ষ্যমাত্রার ধারে কাছেও পৌঁছতে পারছে না। পেছনে অবশ্য বঙ্গ বিজেপির অন্দরে আদি-নব্য দ্বন্দকেই দায়ি করা হচ্ছে। একুশের নির্বাচনে স্বপ্নভঙ্গ হওয়ার পর থেকেই বাংলায় দলের গ্রাফ ক্রমশ নামছে। বুথে সংগঠন নেই। রাজ্যনেতাদের ব্যর্থতা ও

## ১৬ এপ্রিলই লোকসভা নির্বাচন?

# বিজ্ঞপ্তি ঘিরে তুমুল শোরগোল, যা জানাল কমিশন




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী ১৬ এপ্রিল কি দেশজুড়ে লোকসভা নির্বাচন? দিল্লির মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের একটি বিজ্ঞপ্তি ঘিরে রীতিমতো শোরগোল পড়ে যায় মঙ্গলবার। যা নিয়ে অবশ্য মঙ্গলবার রাতেই বিস্তারিত ব্যাখ্যাও দেয় জাতীয় নির্বাচন কমিশন। দিল্লির মুখ্য নির্বাচনী অধিকারিকের দফতর থেকে জারি করা ওই বিজ্ঞপ্তির পরেই লোকসভা নির্বাচন নিয়ে শুরু হয়ে যায় রীতিমতো

এরপর ৩ পাতায়



১-ম পাতার পর

# মেডিক্যাল তদন্তও সিবিআইকে দিলেন বিচারপতি গঙ্গোপাধ্যায়

বিচারপতি গঙ্গোপাধ্যায়ের এজলাসে উঠেছিল রাজ্যে মেডিক্যাল কলেজে ভর্তি সংক্রান্ত মামলা।সেই মামলাতেই সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছেন বিচারপতি। এজলাসে বসেই তিনি বলেন, "মেডিক্যাল কলেজে ভর্তি নিয়ে যে দুর্নীতি হয়েছে, তার তদন্ত করবে সিবিআই। এই ঘটনায় যদি কোনও আর্থিক দুর্নীতি হয়ে থাকে, তবে তা-ও সামনে আসা দরকার।" বিচারপতির এই নির্দেশের পরেই রাজ্যের তরফে তীব্র আপত্তি তোলেন রাজ্যের এজি। কিন্তু বিচারপতি তাঁকে থামিয়ে দিয়ে বলেন, "শাহজাহানকে আপনাদের পুলিশ গ্রেফতার করতে পেরেছে? রাজ্যটা দিনে দিনে কয়েক জন দুর্নীতিগ্রস্তের আখড়ায় পরিণত হচ্ছে। অথচ এত কিছুর পরেও পুলিশের তরফে কোনও সদর্থক ভূমিকা চোখে পড়ছে না। এ রাজ্যের পুলিশ কর্তৃপক্ষের উপর তাই এই আদালতের কোনও আস্থা নেই। দুর্নীতির অভিযোগের তদন্তভার তাই সিবিআইকেই দেওয়া যথাযথ মনে করছে আদালত।" এমবিবিএস পরীক্ষায় ভুয়ো শংসাপত্র ব্যবহার করে মেডিক্যাল কলেজে ভর্তি নেওয়া হয়েছে বলে অভিযোগ করে আদালতে মামলা করেছিলেন ইতিশা সোরেন। তাঁর অভিযোগ ছিল, "তফসিলি উপজাতি না হওয়া সত্ত্বেও অনেক পড়ুয়া ভুয়ো শংসাপত্র ব্যবহার করে সরকারি কলেজে ভর্তি হয়েছেন। ওই সরকারি কলেজের তালিকায় কলকাতা মেডিক্যাল কলেজ, এনআরএস মেডিক্যাল কলেজ, আরজি কর মেডিক্যাল কলেজ এবং কলকাতা ন্যাশনাল মেডিক্যাল কলেজেরও নাম রয়েছে।" বুধবার এই মামলাতেই সিবিআই তদন্তের নির্দেশ দিয়ে বিচারপতি মামলাকারীর আইনজীবীকে বলেছেন, সিবিআইকে যেন এই মামলায় যুক্ত করা হয়। পাশাপাশি রাজ্যের আপত্তি প্রসঙ্গে বিচারপতি বলেন, " এই মামলাটি চ্যালেঞ্জ করে রাজ্য সুপ্রিম কোর্টে আবার যেতে পারে। তাই রাজ্যের কাছে আমি আশা করব এখনও পর্যন্ত সিবিআই তদন্ত আটকাতে কত টাকা খরচ করা হয়েছে তা তারা জানাবে।"

১-ম পাতার পর

# শাহজাহানকে ডেডলাইন বেঁধে দিল ইডি, বাড়িতে নোটিস সাঁটিয়ে ফিরলেন তদন্তকারীরা

ফেরার সময় শাহজাহানের বাড়ির দরজায় নোটিস সাঁটিয়ে ফেরেন তদন্তকারীরা। কী লেখা রয়েছে নোটিসে? রেশন দুর্নীতি মামলায় ডকুমেন্ট নিয়ে ২৯ জানুয়ারি সকাল ১১ টায় সিজিও কমপ্লেক্স এ হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে শাহাজাহানকে। সূত্রের খবর, ওই দিনের মধ্যে হাজিরা না দিলে ফের আইনি পদক্ষেপ করবে ইডি। নির্দিষ্ট দিনে আধার কার্ড, পাসপোর্ট, ভোটার কার্ড, প্যান কার্ড এবং নিজের পাসপোর্ট আকারের ছবি নিয়ে সিজিওতে হাজিরার নির্দেশ দিয়েছেন তদন্তকারীরা।সূত্রের খবর,একটি আলমারির পাল্লা খোলা ছিল। বাকি আলমারিগুলিতেও জামাকাপড় ছাড়া কোনও নথি বা অন্য কিছু পাওয়া যায়নি। এমনকী বাড়ির ভিতরে থাকা একাধিক স্যুটকেসের চেন খুলে গোয়েন্দারা দেখেন সেগুলি ফাঁকা। তদন্তকারী সংস্থার আশঙ্কা, পালিয়ে যাওয়ার আগে যাবতীয় নথি সরিয়ে ফেলেছেন সন্দেশখালির তৃণমূল নেতা। তবে বেশ কিছু জমি বাড়ির দলিল এবং গয়নার বিল পেয়েছেন তদন্তকারীরা। সূত্রের খবর, শাহজাহানের বাড়ি থেকে ১৯টি অরেজিস্ট্রিকৃত দলিল পেয়েছে ইডি। কলকাতার দু'টি নামি সোনার দোকান থেকে কেনা বেশকিছু গহনার বিলও পাওয়া গিয়েছে। এমনকী শাহজাহানের বাজার' বা শেখ শাহজাহান মার্কেটের বিস্তারিত প্রজেক্ট রিপোর্টও পেয়েছেন তদন্তকারীরা।এছাড়াও শাহজাহানের নিজের নামে তিনটি জীবনবিমার কাগজপত্রও পেয়েছে ইডি। পাওয়া গিয়েছে ২০১৮ সালে শাহজাহানের দেওয়া আয়কর রিটার্নের ফাইল। শাহজাহান শেখের বাড়ি থেকে বহু ব্যক্তির বিমানের টিকিট, ভিসা, বিমার সার্টিফিকেট সংক্রান্ত নথির কাগজও বাজেয়াপ্ত করেছেন তদন্তকারীরা। তদন্তকারী দলের এক সদস্যের কথায়, "শাহজাহানের বাড়ি থেকে হয়তো নগদ অর্থ মেলেনি, তবে অনেক কাগজপত্র পাওয়া গিয়েছে। যা তদন্তের কাজে আসতে পারে বলেই মনে করা হচ্ছে।"

২ পাতার পর

# লোকসভা ভোটে কর্মীদের চাঙ্গা করতে ফের বঙ্গ সফরে অমিত শাহ

কাজকর্মে ইতিমধ্যেই বিরক্তি প্রকাশ করেছেন দলের সেকেন্ড ইন কমান্ড অমিত শাহ। পূর্বে সেই ক্ষতে প্রলেপ দিতে গত ২৬ ডিসেম্বর বাংলায় এসেছিলেন তিনি। কলকাতায় দু'দফায় সাংগঠনিক বৈঠক করে বঙ্গ নেতাদের কড়া বার্তা দেন ক্ষুব্ধ শাহ। এবারও একদিনের সফরে একাধিক কর্মসূচি রয়েছে তাঁর। এই পরিস্থিতিতে একুশের বিধানসভা ভোটের পর একের পর এক নির্বাচন ও উপনির্বাচনে পরাজয় হয়েছে।এবার বঙ্গ সফরে কী বার্তা দেন শাহ, সেদিকেই তাকিয়ে রাজনৈতিক মহল। তাঁর এই বঙ্গসফরে একঠাসা কর্মসূচী আছে বলেই জানা গিয়েছে বিজেপি সূত্রে। জানা গিয়েছে, আগামী ২৮ জানুয়ারি রাতে দমদম বিমানবন্দরে নামবেন শাহ। পরের দিন অর্থাৎ ২৯ জানুয়ারি সোজা পৌঁছবেন মেচেদার কর্মীসভায়। সেদিনই দুপুরে কলকাতার সায়েন্স সিটিতে দলীয় কর্মীসভা রয়েছে তাঁর। চব্বিশের নির্বাচনকে মাথায় রেখে কর্মীদের বিশেষ বার্তা দিতে পারেন শাহ। ঠিক করে দিতে পারেন লড়াইয়ের রোডম্যাপও। এর পর হোটেলে রাজ্যনেতাদের সঙ্গে বৈঠকে বসবেন তিনি। ওই দিনই রাতে ফিরে যাওয়ার কথা তাঁর।

২ পাতার পর

# ১৬ এপ্রিলই লোকসভা নির্বাচন? বিজ্ঞপ্তি ঘিরে তুমুল শোরগোল, যা জানাল কমিশন

চর্চা।ফলত, সব মিলিয়ে যে চর্চা শুরু হয়েছিল সন্ধেবেলায় তার অবস্থান স্পষ্ট করে বিস্তারিত ব্যাখ্যা দিল জাতীয় নির্বাচন কমিশন।ইতিমধ্যেই দেশজুড়ে লোকসভা নির্বাচনের প্রস্তুতিপর্ব শুরু হয়েছে। এ রাজ্যে একাধিক প্রস্তুতিপর্ব শুরু হয়েছে। ইতিমধ্যেই আধিকারিকদের প্রশিক্ষণ পর্বও চলেছে। কমিশন সূত্রে খবর, ফেব্রুয়ারি মাসের প্রথম দিকেই জাতীয় নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ আসতে পারে রাজ্যে।তবে, মঙ্গলবার সন্ধ্যাবেলায় বিজ্ঞপ্তি দিয়ে জাতীয় নির্বাচন কমিশন জানায় নির্বাচনের প্রস্তুতির জন্য ওই তারিখেই লোকসভা নির্বাচন হবে, এমনটা নয়, তবে ওই তারিখ ধরে এগোনো হচ্ছে।যে বিজ্ঞপ্তি ঘিরে শোরগোল হয়েছিল সেই বিজ্ঞপ্তিতে দিল্লির ১১ জন জেলা নির্বাচনী আধিকারিকের উদ্দেশ্যে জারি করা হয়েছিল। সেই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছিল আসন্ন লোকসভা নির্বাচন ২০২৪ এর জন্য সম্ভাব্য তারিখ হিসেবে কমিশন ১৬ এপ্রিলের কথা বলেছে। এই দিনটি ধরেই ইলেকশন প্ল্যানার নির্বাচন শুরু ও শেষের তারিখের পরিকল্পনা করতে হবে। বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয় যে, ওই তারিখটি মাথায় রেখে ইলেকশন প্ল্যানারে বর্ণিত নির্বাচন সংক্রান্ত সমস্ত কাজকর্ম শুরু ও শেষ করতে হবে। আর এই বিজ্ঞপ্তি ঘিরেই রীতিমতো শোরগোল পড়ে যায় জাতীয় রাজনীতিতেও। যদিও এক প্রকার বাধ্য হয়েই জাতীয় নির্বাচন কমিশনের তরফে মঙ্গলবার সন্ধ্যেবেলায় বিজ্ঞপ্তি জারি করে তার স্পষ্ট ব্যাখ্যা দেওয়া হয়েছে। ব্যাখ্যা দিয়ে বলা হয়েছে, শুধুমাত্র নির্বাচনের প্রস্তুতির জন্য এই নির্দেশিকাটি জারি করা হয়েছিল। পাশাপাশি, এ-ও বলা হয়েছে নির্বাচন কমিশন সঠিক সময় ভোটের দিন জানাবে। তার সঙ্গে নির্বাচন কমিশনের তরফে ও বলা হয় এত আগে থেকে নির্বাচন কমিশন দিনক্ষণ ঠিক করতে পারে না।

# তথ্য প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতা নিয়ে ভারত ও ওমানের মধ্যে স্বাক্ষরিত সমঝোতাপত্রে কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন

**নয়াদিল্লি, ২৪ জানুয়ারি, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা তথ্য প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতা নিয়ে ভারত ও ওমানের মধ্যে স্বাক্ষরিত সমঝোতাপত্র সম্পর্কে বিশদ জেনে তাতে অনুমোদন দিয়েছে। ২০২৩ সালের ১৫ ডিসেম্বর বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রক এবং ওমানের পরিবহণ, যোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের মধ্যে এই চুক্তিটি স্বাক্ষরিত হয়। এই সমঝোতা স্মারকের উদ্দেশ্য হ'ল - তথ্য প্রযুক্তি ক্ষেত্রে দু'দেশের পারস্পরিক সহায়তা বৃদ্ধি এবং প্রযুক্তি, তথ্য ও বিনিয়োগের আদান-প্রদানের প্রসার ঘটানো। এই সমঝোতাপত্রটি স্বাক্ষরের দিন থেকে কার্যকর হবে। এর মেয়াদ থাকবে তিন বছর। তথ্য প্রযুক্তি ক্ষেত্রে সরকারি ও ব্যবসায়িক, উভয় স্তরেই দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধি এর মূল লক্ষ্য। তথ্য প্রযুক্তি ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য সহযোগিতা বৃদ্ধির কথাও এই সমঝোতাপত্রে বলা হয়েছে।

# জননায়ক কর্পূরী ঠাকুরের জন্মশতবর্ষে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা জ্ঞাপন

**নতুন দিল্লি ২৪ জানুয়ারি, ২০২৪ : নিউজ সারাদিন :** জননায়ক কর্পূরী ঠাকুরের জন্মশতবর্ষে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন। এই বিশেষ লগ্নে তাঁর সরকার কর্পূরী ঠাকুরকে ভারতরত্নে ভূষিত করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী। সমাজ ও রাজনীতিতে কর্পূরী ঠাকুরের অসামান্য প্রভাব সম্পর্কে নিজের ভাবনা সবার সঙ্গে ভাগ করে নিয়েছেন প্রধানমন্ত্রী। এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী বলেছেন: "জননায়ক কর্পূরী ঠাকুরজীকে তাঁর জন্মশতবর্ষে প্রণাম জানাই। এই বিশেষ লগ্নে আমাদের সরকার তাঁকে ভারতরত্ন সম্মানে ভূষিত করছেন। আমাদের সমাজ ও রাজনীতিতে তাঁর অসামান্য প্রভাব নিয়ে আমার অনুভব একটি লেখায় ধরে রাখলাম।"

# জাতীয় শিশু কন্যা দিবসে শিশু কন্যাদের অদম্য চেতনা ও সাফল্যকে কুর্নিশ প্রধানমন্ত্রীর

**নয়াদিল্লি, ২৪ জানুয়ারি, ২০২৪ : নিউজ সারাদিন:** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জাতীয় শিশু কন্যা দিবস উপলক্ষে শিশু কন্যাদের অদম্য চেতনা ও সাফল্যকে কুর্নিশ জানিয়েছেন। প্রতিটি ক্ষেত্রে শিশু কন্যাদের অপরিসীম সম্ভাবনাকে স্বীকৃতি দিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, গত এক দশক ধরে তাঁর সরকার এমন এক জাতি গঠনের প্রয়াস চালিয়ে যাচ্ছে, যেখানে প্রতিটি শিশু কন্যা শেখা, বেড়ে ওঠা এবং উন্নতি করার সুযোগ পায়। এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী বলেছেন, "জাতীয় শিশু কন্যা দিবসে শিশু কন্যাদের অদম্য চেতনা ও অর্জনকে কুর্নিশ জানাই। প্রতিটি ক্ষেত্রে শিশু কন্যাদের অপার সম্ভাবনার স্বীকৃতি দিই। তারাই উন্নততর জাতি ও সমাজ গঠনের অগ্রদূত। গত এক দশক ধরে আমাদের সরকার এমন এক জাতি গঠনের চেষ্টা চালিয়ে যাচ্ছে, যেখানে প্রতিটি শিশু কন্যা শেখা, বেড়ে ওঠা ও উন্নতি করার সুযোগ পায়"।

২ পাতার পর

# রেশন দোকানের উপর সরাসরি নজরদারির সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকারের

গোস্বামী বলেন, "কেন্দ্রীয় সরকার যে নির্দেশ দিয়েছে, তা যুক্তিযুক্ত। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করে আসছিলেন, বাংলায় রেশন দুর্নীতি চরম আকার ধারণ করেছে। রাজ্যের মানুষ যেন নিজেদের অধিকারের রেশন পান সেই বিষয়টি নিশ্চিত করতে হবে। এখন কেন্দ্রীয় সরকার নির্দেশিকা জারি করে বুঝিয়ে দিয়েছে, তারা রাজ্য সরকারের দুর্নীতি আর বরদাস্ত করতে রাজি নয়।" মিহির আরও বলেন, "কেন্দ্রীয় খাদ্যমন্ত্রকের এই নির্দেশিকাকে স্বাগত জানাচ্ছি। কারণ, গত দশ বছরে যে ব্যাপক পরিমাণ রেশন চুরি ও দুর্নীতি হয়েছে, তার পরিমাপ সাধারণ মানুষের ভাবনার বাইরে। তাই সাধারণ মানুষকে তার অধিকার পাইয়ে দিতে যেমন কেন্দ্রীয় সরকার এ ক্ষেত্রে সঠিক পদক্ষেপ গ্রহণ করেছে, তেমনই রেশন দুর্নীতির তদন্ত করে যেন প্রকৃত অপরাধীদের শাস্তি দেওয়া হয়, সেই দাবিও আমরা করব।" ঘটনাচক্রে, ঠিক সেই সময়কালেই এক নির্দেশিকা জারি করে দেশ তথা রাজ্যের সমস্ত রেশন দোকানে সরাসরি নজরদারির কথা ঘোষণা করেছে কেন্দ্রীয় খাদ্য ও বন্টন মন্ত্রক। কেন্দ্রীয় খাদ্যমন্ত্রকের ১৭ জানুয়ারি জারি করা 'কন্ট্রোল অর্ডারে' 'এক দেশ, এক রেশনকার্ড' ব্যবস্থা কার্যকর করার নির্দেশ স্পষ্ট ভাবে জানিয়ে দেওয়া হয়েছে। বলা হয়েছে, এখন থেকে সব রাজ্যের রেশনব্যবস্থার ওপর প্রতিদিন নজরদারি চালাবে খাদ্য মন্ত্রক। নির্দেশ দেওয়া হয়েছে, কোনও রেশন গ্রাহকের নাম যুক্ত হলে বা বাদ গেলেও তা অবিলম্বে খাদ্যমন্ত্রককে জানাতে হবে। নতুন নির্দেশে বলা হয়েছে, কোন রেশন ডিলারকে কত পরিমাণ খাদ্যসামগ্রী দেওয়া হয়েছে ও তার কতটা বন্টন হয়েছে, তা-ও জানাতে বাধ্য থাকবে খাদ্য দফতর।এই নির্দেশিকা অনুযায়ী একজন গ্রাহক দেশের যে কোনও জায়গায় গিয়ে আধার নম্বরের বায়োমেট্রিক যাচাই করিয়ে যে কোনও রেশন দোকান থেকে তাঁর বরাদ্দ খাদ্য পেতে পারেন। নির্দেশিকা আরও বলছে, কোনও রেশন ডিলার 'এক দেশ, এক রেশন কার্ড ব্যবস্থায় গ্রাহককে খাদ্যসামগ্রী দিতে অস্বীকার করতে পারবেন না। এর জন্য যাতে রেশন দোকানে পর্যাপ্ত সামগ্রী মজুত থাকে, তা-ও রাজ্য সরকারকে নিশ্চিত করতে বলা হয়েছে। বরাদ্দ ও বন্টনপ্রক্রিয়ার পাশাপাশি নতুন এই নির্দেশে রেশন দোকানের কাজকর্ম নিয়ে নিয়মিত বিবিধ বিষয়ে রিপোর্ট পাঠাতেও বলা হয়েছে। অনলাইনে কেন্দ্রকে যাবতীয় তথ্য পাঠাবে রাজ্যগুলি।এই নির্দেশকে কী ভাবে দেখছে রাজ্যের খাদ্য দফতর? তবে খাদ্যমন্ত্রকের নির্দেশিকার সঙ্গে রাজ্যের রেশন দুর্নীতিকাণ্ডের কোনও যোগাযোগ আছে বলে মানতে চাননি খাদ্যমন্ত্রী রথীন ঘোষ। তাঁর কথায়, "পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য দফতর যথেষ্ট স্বচ্ছতা বজায় রেখেই কাজ করে। আমাদের দফতরের যাবতীয় কাজকর্ম অনলাইন মারফত কেন্দ্রীয় সরকারকে জানানো হয়। তাই নতুন নির্দেশিকায় কেন এ সব কথা বলা হয়েছে তা আমার জানা নেই।" প্রসঙ্গত, ২০১১-'২১ সাল পর্যন্ত খাদ্য দফতরের দায়িত্বে ছিলেন জ্যোতিপ্রিয়। তাঁর সময়কালেই রেশন দুর্নীতি কাণ্ডে শাসকদলকে অভিযুক্ত হতে হয়েছে।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ০২৫ সংখ্যা ২৫ জানুয়ারী, ২০২৪ বৃহস্পতিবার ১০ মাঘ, ১৪৩০

## সম্পাদকীয়

# হাসপাতালের পরিষেবাকে জনমুখী করতে ৯টার মধ্যে খুলতেই হবে আউটডোর

মেডিক্যাল কলেজ হাসপাতাল হোক বা জেলা হাসপাতাল অথবা মহকুমা হাসপাতাল- বহির্বিভাগ বা হাসপাতালের আউটডোর খুলতেই হবে সরকারের ঠিক করে দেওয়া নির্দিষ্ট সময় সকাল ন' টার মধ্যেই। সকাল ন' টা বেজে পনেরো মিনিটের মধ্যে এস এম এসের মাধ্যমে বহির্বিভাগ খোলার খবর জানিয়ে দিতে হবে স্বাস্থ্য দফতরে।এই বিষয়ে এস এস কে এম হাসপাতালে চিকিৎসা করাতে আসা দক্ষিণ ২৪ পরগনা জেলার লক্ষ্মীকান্তপুরের বাসিন্দা অপূর্ব দাস জানান, "খুবই ভাল উদ্যোগ, আমরা যাঁরা ভোরবেলা থেকে চিকিৎসার জন্য আসি সরকারি হাসপাতালে তাঁদের পক্ষে ভাল হবে, কারণ অনেক সময় ডাক্তারবাবুদের দেরি হয়। কিন্তু সেই জন্যে আমাদের মত মানুষদের সমস্যায় পড়তে হয়।"এমনই নয়া নির্দেশ পাঠানো হলো রাজ্যের সমস্ত সরকারি হাসপাতালকে।

সকাল থেকেই রাজ্যের সমস্ত সরকারি হাসপাতালের বহির্বিভাগে দেখা যায় উপচে পড়া ভিড়। চিকিতসার জন্য দূর দুরান্ত থেকে হাজির হন রোগীরা। কিন্তু লম্বা লাইনে দাঁড়ানোর পরও অনেক সময়েই দেখা যায় সময় পেরিয়ে গেলেও হাসপাতালের বহির্বিভাগ বন্ধ! বহির্বিভাগ নির্দিষ্ট সময়ে খোলে না! এমনই ভুরিভুরি অভিযোগ প্রত্যক্ষ করেছেন রাজ্যের স্বাস্থ্য দফতরের আধিকারিকরা। আর সেই সমস্যা সমাধানের জন্যই এবার নয়া নির্দেশিকা জারি করল রাজ্য স্বাস্থ্য দফতর।নতুন নির্দেশিকাতে জানানো হয়েছে, সরকারের ঠিক করে দেওয়া সময় সকাল ন'টার মধ্যেই চালু করতে হবে হাসপাতালের সমস্ত বহির্বিভাগ। প্রতিদিন সকাল নটা বেজে পনেরো মিনিটের মধ্যে রাজ্য স্বাস্থ্য দফতরের নির্দিষ্ট মোবাইল নম্বরে এস এম এস করে বহির্বিভাগ খোলার খবর সুনিশ্চিত করতে হবে। এর ফলে হাসপাতালে আসা দূরদূরান্ত মানুষকে চিকিৎসার জন্য বেশি সময় অপেক্ষা করতে হবে না, পাশাপাশি চিকিৎসক দেরিতে আসার অভিযোগও অনেকাংশে কমবে, এমনই মত রাজ্য স্বাস্থ্য দফতরের আধিকারিকদের।

এ বিষয়ে রাজ্যের অন্যতম পুরনো মেডিকেল কলেজ কলকাতা মেডিকেল কলেজ ও হাসপাতালের এম এস ভি পি চিকিৎসক অঞ্জন অধিকারি জানান, "খুবই ভাল বিষয়, রোগীদের সুবিধার কথা মাথায় রেখেই এই ভাল উদ্যোগ স্বাস্থ্য ভবনের। আমরা সঠিক চিকিৎসা সঠিক সময়ে দেওয়ার পক্ষে, তাই হোয়াটসঅ্যাপের মাধ্যমে কখনও ফোনের মাধ্যমে কখনও ফিজিক্যালি খবর রাখি রোজই যে সঠিক সময় ও পি ডি চালু হয়েছে কি না। এবার থেকে সেই রিপোর্ট স্বাস্থ্য ভবনকেও এস এম এস করে জানাব।"

# পুলিশের চাকরির পরীক্ষা রয়েছে, বাংলায় বদলে গেল রাহুল গান্ধীর কর্মসূচি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আগামী ২৮ জানুয়ারি ভারত জোড়ো ন্যায় যাত্রা করতে জলপাইগুড়ি আসছেন রাহুল গান্ধী। এই উপলক্ষে জেলা কংগ্রেসের তরফে পূর্ব ঘোষিত কর্মসূচি ছিল বেলা ১২টা নাগাদ। জলপাইগুড়ি শহরেই পদযাত্রা ও সভা করার কথা রয়েছে। এরপর শহরের এ বি পি সি ময়দানে তাঁর মধ্যাহ্নভোজ করার কথা। তারপর তিনি শিলিগুড়ি চলে যাবেন। গোলাম আহমেদ মীর বলেন, যেহেতু ওইদিন পুলিশের চাকরির পরীক্ষা রয়েছে তাই রাহুল গান্ধী ওইদিন পরীক্ষা শেষ হওয়ার পর জলপাইগুড়ি শহরে আসবেন। শহরে ঢোকার আগেই কোনও একটি যায়গায় মধ্যাহ্নভোজ করবেন। প্রসঙ্গত, হাতে আর মাত্র ক'টা দিন। বেজে গিয়েছে লোকসভা ভোটের দামামা। এদিকে ইন্ডিয়া জোটে জট ক্রমশ বেড়েই চলেছে। আসন রফা নিয়ে জট আরও পাকাচ্ছে। কংগ্রেসকে লাগাতার খোঁচা দিচ্ছেন মমতা। বাংলায় আবার ইতিমধ্যেই একা লড়ার ঘোষণা করে দিয়েছেন তৃণমূল সুপ্রিমো। এই প্রেক্ষাপটে বাংলায় পড়ছে রাহুলের পা। ভোটমুখী বাংলায় তা বিশেষভাবে তাতপর্যপূর্ণ বলে মনে করছেন রাজনৈতিক কারবারিদের একটা বড় অংশ।কিন্তু, ওইদিন বেলা সাড়ে ১২টা থেকে দেড়টা পর্যন্ত পুলিশের চাকরির পরীক্ষা রয়েছে। তাতেই সামান্য বদল হচ্ছে রাহুলের কর্মসূচিতে। সূত্রের খবর, ওইদিন বেলা দেড়টার পর শহরে আসবেন রাহুল গান্ধী। ন্যায় যাত্রায় জলপাইগুড়ি রুটের বর্তমান পরিস্থিতি খতিয়ে দেখতে বুধবার দুপুরে জলপাইগুড়ি আসেন জাতীয় কংগ্রেসের সাধারণ সম্পাদক গোলাম আহমেদ মীর। এদিন তাঁর সঙ্গে রুট পরিদর্শনে ছিলেন আইসি ট্র্যাফিক সৈকত ভদ্র।

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তেমনি তথ্য বিশ্বজুড়ে বিরাজমান। বেকার দের প্রাপ্য সম্মান দেওয়া হয় না তারা যতই শিক্ষিত হোক না কেন। বেকাররা সমাজ ও আত্মীয় পরিজন দের কাছে বোঝা। বেকার দের সঙ্গে কেউ কথা বলেনা উৎসাহ দেয় না। বেকারত্ব হল সমাজের অভিশাপ। আর এই অভিশাপ থেকে রক্ষা পেতে শিবের সরনাপন্ন হওয়া একটা পথ।

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# দৈনিক কাগজের সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার পরিবারের নিরাপত্তার দেবে না সরকার

**মৃত্যুঞ্জয় সরদার**
(শেষ পর্ব)



মামলা করে হয়রান করানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে, বৃদ্ধ বয়সে মৃত্যুঞ্জয় সরদারের পিতা ও মাতা কে মিথ্যা মামলায় হয়রানি করানোর পরিকল্পনা রয়েছে দীর্ঘদিন ধরে। সে কথাও দু'চারটে লোকাল সাংবাদিকদের মুখে মুখে প্রকাশ পায়। সম্পাদকের কণ্ঠ রোধ করাতেই উঠে পড়ে লেগেছে রাজনৈতিক নেতারা, তাই যখনই নির্বাচন আসে তখনই এই সরদার পরিবারের উপর কোনো না কোনো ঘটনা অত্যাচার অবিচার অনাচার নামিয়ে দেয়। সুযোগ পেলেই মৃত্যুঞ্জয় সরদার কে যেকোনোভাবেই মেরে দেবে সে পরিকল্পনা চলতেই থাকে প্রতিনিয়ত। পুকুরে বিষ ফিসারি বিষ নানান রকম ক্ষয়ক্ষতি এই পরিবারের উপরে হয় বা কেন? লোকাল প্রশাসনকে জানালে সাধারণ মানুষের থেকে আরও বেশি হয়রানি করাতে থাকে এই পরিবারকে! দীর্ঘদিন ধরে যেসব ঘটনা প্রশাসনিকভাবে মৃত্যুঞ্জয় বাবু নিজে লিখিত জানিয়েছে আজকের দিন পর্যন্ত তার কোন সূরাহ ও মেলেনি, মানুষ নয় অমানুষ তাই এদের উপরে এসব অত্যাচার চলে। খোঁজখবর নিয়ে জানা গেছে যা ঘটনা ঘটতেই থাকে লোকাল প্রশাসন সবটাই কিছুই ঘটেনি বলে চালিয়ে দেয় সর্বোচ্চ লেবেলে। পুলিশ প্রশাসনের উচ্চতম কর্তারা ব্যক্তিগতভাবে মৃত্যুঞ্জয় সরদারকে চেনে এবং সৎ সাহসী নির্ভীক সম্পাদক বলেও জানে তার পরেও তারা এই পরিবারকে রক্ষা করতে পারে না। রাজনৈতিক নেতাদের কাছে মাথা নত করে চলতে হয় প্রশাসনের উচ্চতম কর্তা ব্যক্তিদের মৃত্যুঞ্জয় সরদারের ঘটনায় উদাহরণ দেয়। কিন্তু বা রাজ্য দুই সরকারকে লিখিত জানিও এই পরিবারের নিরাপত্তায় অভাবেও ভুগছে দীর্ঘদিন যাবত। আসলে এই পরিবারের অপরাধ টা বা কী শাসক দলের সঙ্গে রাজনীতি করে না, আর বিরোধীদলের সঙ্গে রাজনীতিতে যায় না, সেই কারণে এই পরিবারের উপরে অত্যাচারটা লাগাম টেনে রেখেছে। এই ঘটনাটা নিউজ সারাদিনের প্রকাশ পেলেও সাংবাদিক পরিবারের উপরে আবারো অত্যাচার ভয়ংকর ভাবে নামতে পারে, সেটা বিগত দিনেও হয়েছে। সাংবাদ কি বা সম্পাদকের স্বতন্ত্র স্বাধীনতাকে রাজনৈতিক নেতাও প্রশাসন কেড়ে নিতে চাইছে? তা না হলে এই পরিবার রাজনৈতিক করে না বলে বারবার বিভিন্ন বদনাম সহ অত্যাচার অবিচার অনাচার ও অনাহারে থাকার পরিকল্পনা অব্যাহত! প্রায় সাংবাদিক মুখে মৃত্যুঞ্জয় সরদারের বদনাম কর এটাই শোনা যায়। তাহলে কি এইসব ঘটনার পিছনে সাংবাদিক প্রশাসন ও রাজনৈতিক নেতারা এককভাবে অত্যাচারের অব্যাহত রাখার পরিকল্পনা করছে? দীর্ঘদিন ধরে তানাহলে সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের নিরাপত্তা কেন দেয়া হলো না? কেনই বা এই পরিবারের একই ঘটনা বারবার ঘটতে থাকে। আর এসব কথা লিখলে প্রশাসনের একাংশ বেজায় চটে যাবে। তবে যে ছেলেটি কুড়িটা বছর ধরে সত্যের সন্ধানে নির্ভীক নিষ্ঠার সঙ্গে সাংবাদিকতা করে এসে আজকের এ তিন তিনটে কাগজের সম্পাদক তার পরিবারে অত্যাচার আমাদের পত্রিকা সম্পাদক মন্ডলী কোন ভাবে বরদাস্ত করে না। পুলিশের গোয়েন্দার বিভাগ ঘটনা ঘটার আগে কি কিছু জানতে পারে না, যদিবা জানে কিসের ভয়ে সেই সত্যটা সামনে আনতে পারে না। একাধিক আইএ এ ও আইপিএস সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারকে ব্যক্তিগতভাবে জানে বা চেনে তারপরে এসব ঘটনা ঘটেই বা কিভাবে? বিড়ালের গলায় ঘন্টা বাঁধবে বা কে? সম্পাদক মন্ডলীর একাংশ তো রাজনৈতিক ছত্রছায়ায় চলে গিয়েছে আর যেসব সাংবাদিক গুলো সম্পাদকগুলো নিরপেক্ষ ভাবে খবর পরিবেশন করার চেষ্টা করছে, তাদের উপরে অত্যাচার অবিচার খুনের পরিকল্পনা অব্যাহত রয়েছে আর সেই উদাহরণ মৃত্যুঞ্জয় সরদার নিজে। সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের পরিবারসহ মৃত্যুঞ্জয় সরদারকে প্রশাসনিকভাবে নিরাপত্তা দিতে হবে এই দাবি তুলছে রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে। এই পরিবারের এমনই বহু দাবি বহু বছর তুলেও আজও নিরাপত্তাহীনতায় ভুগছে। তাহলে কি ভবিষ্যতে বাংলায় কাগজের সম্পাদকদের এহেনে নিরাপত্তা হীনতায় ভুগতে হবে গ্রামগঞ্জে থাকলে? এই পরিবাহীর কথা কি কেউ কর্ণপাত করছে না তাহলে এই এলাকায় সাধারণ মানুষের অবস্থাই বাকি। কেনই বা এই পরিবারের পুকুরে ফিসারী প্রতিবছর বিষ দিয়ে মাছ মেরে দেওয়া হয় এর আসল উদ্দেশ্য বা কি রয়েছে। সত্যি কি পুলিশ প্রশাসন জেগে ঘুমাচ্ছে। পুকুরে বিষ দিয়ে মাছ মরে গিয়েছে লক্ষ লক্ষ টাকা, সে ফুটেজ তো সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার নিজে তুলে প্রশাসনকে পাঠায় তারপরে প্রশাসন কেনই বা নির্বাক হয়ে থাকে? এই নির্বাক হয়ে থাকার আসল কারণ কি প্রশাসনকে রাজনৈতিক চাপে ভুগতে হচ্ছে? তা না হলে সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের পরিবার সহ তাকে আজও নিরাপত্তা দেয়া হলো না, খুন হয়ে যাওয়ার পরে কি এই পরিবার নিরাপত্তা ভাবে প্রশাসনের তরফ থেকে? বহু ঘটনা বহুবার সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার মেইল করেছে রাজ্যপাল সহ প্রশাসনের একাধিক ব্যক্তিদের তারপরও আজকের দিনেও নিরাপত্তায় ভুগছে সম্পাদক পরিবার! এই পরিবার রাজ্যের মুখ্যমন্ত্রী আর কেন্দ্র র প্রধানমন্ত্রীদের কাছে নিরাপত্তার জন্য আবেদন করেও আজও নিরাপত্তা পায়নি তেমনি অভিযোগ! সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার যে কোনো ভাবে নিরাপত্তায় পায়, সে ব্যবস্থা করলে নিউজ সারাদিনের সম্পাদক মন্ডলি থেকে আমরা কৃতজ্ঞ থাকব স্বীকার করব আগামীদিনে।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## এক গানে কত পারিশ্রমিক নেন শ্রেয়া ঘোষাল



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : বলিউডের সুকণ্ঠী মিষ্টি সুরের গায়িকা বলে পরিচিত শ্রেয়া ঘোষাল। এ ইন্ডাস্ট্রির সেরা শিল্পীদের একজন বলেও তাকে গণ্য করা হয়। ক্যারিয়ারের শুরু থেকেই তিনি একের পর এক সুপার হিট গান উপহার দিয়ে যাচ্ছেন।

সঞ্জয় লীলা বনসালী পরিচালিত 'দেবদাস' সিনেমার মাধ্যমে শ্রেয়া ঘোষালের বলিউডে যাত্রা শুরু হয়। এরপর থেকে একের পর এক গানের প্রস্তাব তিনি। সময়ের সঙ্গে প্রথম সারির প্লেব্যাক শিল্পীদের তালিকায় নাম উঠে আসে এ শিল্পীর।

শ্রেয়া ঘোষাল দুই দশকেরও বেশি সময় ধরে সংগীত জগতে রাজত্ব করছেন। বলিউড হোক বা টালিউড, সব ইন্ডাস্ট্রিতেই অবাধ বিচরণ এ বাঙালি গায়িকার। সিনেমার সাফল্যের উপর নির্ভরশীল নয় তার গানের জনপ্রিয়তা। বরং কিছু ক্ষেত্রে ব্যতিক্রম উদারহণ দেখা যায়।

সংগীতে অসামান্য অবদানের জন্য পাঁচবার ভারতের জাতীয় পুরস্কার পেয়েছেন শ্রেয়া। বাংলা এবং হিন্দি ছাড়াও তামিল, তেলুগু, একাধিক ভাষায় গান গেয়েছেন তিনি।

শৈশব থেকেই গানবাজনার প্রতি অমোঘ আকর্ষণ শ্রেয়ার। শৈশব থেকেই শুরু হয় তার সংগীতচর্চা। মাত্র ছয় বছর বয়স থেকে শাস্ত্রীয় সংগীতে তালিম নেওয়া শুরু করেছিলেন শ্রেয়া। তখন থেকেই গানকে কেন্দ্র করে আবর্তিত তার জীবন।

১৯৯৬ সালে মাত্র ১২ বছর বয়সে 'সারেগামাপা' অনুষ্ঠানে অংশগ্রহণ করেন শ্রেয়া। সেই অনুষ্ঠানের হাত ধরেই প্রথম জনপ্রিয়তা পান। রিয়েলিটি শোয়ে বিজয়ীর শিরোপা ওঠে তার মাথায়। তার পরেই বলিউডে যাত্রা শুরু হয়।

ভারতীয় একাধিক সংবাদমাধ্যমের সূত্রে জানা গেছে, প্রতিটি গানের জন্য ২৫ লাখ রুপি করে পারিশ্রমিক নেন শ্রেয়া। যা বাংলাদেশি মুদ্রায় ৩৩ লাখ টাকারও বেশি। তবে এ বিষয়ে শ্রেয়া বা তার টিমের পক্ষ থেকে কোনো তথ্য জানা যায়নি।

## ঢাকায় আসার রোমাঞ্চকর অভিজ্ঞতা জানালেন শর্মিলা ঠাকুর



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : জমকালো আয়োজনে শনিবার বিকেলে রাজধানীতে পর্দা উঠেছে ২২তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের। অনুষ্ঠানে মধ্যমণি ছিলেন ভারতের বর্ষীয়ান অভিনেত্রী শর্মিলা ঠাকুর। উৎসবের এশিয়ান চলচ্চিত্র প্রতিযোগিতা বিভাগের জুরির দায়িত্ব পালন করছেন তিনি।

শনিবার বিকেলে রাজধানীর জাতীয় জাদুঘরে উৎসবের উদ্বোধন অনুষ্ঠানের বক্তব্যে রোমাঞ্চকর ঢাকা সফরের কথা তুলে ধরেছেন শর্মিলা ঠাকুর।

তিনি বলেন, আমি এই সুন্দর শহর ঢাকায় এসে খুবই খুশি। তবে এই সুন্দর শহরে আসা প্রায় বাতিল হতে বসেছিল! গতকাল (শুক্রবার) যখন আমি দিল্লি বিমানবন্দরে গিয়েছিলাম, আমাকে বলা হলো কুয়াশার কারণে ফ্লাইট বাতিল করা হয়েছে। বাইরে তখন প্রচণ্ড ঠাণ্ডা। পরবর্তী ফ্লাইট ছিল আজকে; যদি পরের এই ফ্লাইট ধরতাম, তাহলে আজকের এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হতে পারতাম না। পরে বাংলাদেশ বিমানের সহযোগিতায় ঢাকায় আসতে পেরেছি। একটা অ্যাডভেঞ্চার দিয়ে জার্নিটা শুরু হয়েছিল।

ঢাকায় আসার পরের অ্যাডভেঞ্চারের বর্ণনায় শর্মিলা ঠাকুর বলেছেন, আমাকে উৎসবের পরিচালক বলেছেন, হোটেল থেকে ভেন্যু হেঁটে গেলে মাত্র দুই মিনিট, আর গাড়িতে পাঁচ মিনিট। কিন্তু কোনো কারণে আমরা একটা ভুল মোড় নিয়ে ফেলি। যার কারণে আমরা প্রায় ৩৫ মিনিট দেরিতে পৌঁছালাম। এটা একরকম অ্যাডভেঞ্চারই ছিল। ঢাকার কিছু রূপও দেখা হয়ে গেল।

হাসিমাখা মুখে ঘটনাগুলো যখন বলছিলেন শর্মিলা, তখন তার কাছে একটি আরজি রাখেন ঢাকা উৎসবের পরিচালক আহমেদ মুজতবা জামাল। অনুরোধটা বাংলায় কথা বলার। কিন্তু বিনয়ের সঙ্গেই সেটা ফিরিয়ে দেন অভিনেত্রী।

শর্মিলা ঠাকুরের ভাষ্য, আমি বাংলায় কেন বলব, এটা তো আন্তর্জাতিক উৎসব। আর সবাই জানে, আমি বাংলা বলতে জানি। ইংরেজি তো আন্তর্জাতিক ভাষা, সবাই বোঝে। প্লিজ মাফ করবেন।

এরপর ইংরেজি-বাংলার মিশেলেই বাকি বক্তব্য সারেন শর্মিলা। প্রশংসা করেন উদ্বোধনী আয়োজনের সাংস্কৃতিক পরিবেশনার। সেই সঙ্গে একাত্মতা প্রকাশ করেন উৎসবের স্লোগানের সঙ্গে। সবশেষে জানান, উৎসবের সমাপনী দিনে বাংলায় দীর্ঘ বক্তব্য দেবেন তিনি।

## সিনেমা বিশ্লেষকদের 'মূর্খ' বললেন শাহরুখ!



নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন : বলিউড কিং খান শাহরুখের ছেলে আরিয়ান খান ২০২১ সালে মাদককাণ্ডে গ্রেফতার হয়েছিলেন। তিনি প্রায় ১ মাস হাজতে ছিলেন। সম্প্রতি একটি পুরস্কার গ্রহণ করে এ ঘটনায় মুখ খুললেন শাহরুখ।

গত বছর শাহরুখের ৩টি সিনেমাই বক্স অফিসে চূড়ান্ত সাফল্যের মুখ দেখেছে। কিন্তু একই সঙ্গে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলা কমিয়ে দিয়েছেন শাহরুখ। এর পরিবর্তে আজকাল নিজের ভক্ত-অনুরাগীদের সঙ্গে সরাসরি সোশ্যাল মিডিয়ায় কথা বলেন বাদশা। কিন্তু সম্প্রতি একটি পুরস্কার গ্রহণ করে তিনি বক্তৃতায় জীবনের কিছু দুঃসময়ের কথা বলেন।

শাহরুখ বলেন, 'বিগত ৪-৫ বছরের যাত্রাটা আমাদের পরিবারের জন্য বেশ দুঃসময় ছিল। আমি জানি, কোভিডের কারণে নিশ্চয়ই আরও অনেকের ক্ষেত্রে এমন হয়েছে। আমার সব সিনেমা ফ্লপ করে। অনেকেই আমার ক্যারিয়ার শেষ হয়ে যাওয়ার শ্রদ্ধার্ঘ্যও লিখে ফেলেছিল!'

বলতে বলতে বলিউড বাদশা এ সময় সিনেমা বিশ্লেষকদের রসিকতা করে 'মূর্খ' বলেও সম্বোধন করেন। তারপর নিজের ব্যক্তিগত জীবনের প্রসঙ্গে তোলেন।

শাহরুখ বলেন, 'ব্যক্তিগত জীবনে কিছু অপ্রীতিকর এবং বিরক্তিকর ঘটনা ঘটেছে বললেও কম বলা হয়। কিন্তু তাতে আমার একটা শিক্ষা হয়েছে। চুপচাপ থাকো, একদম নিস্তব্ধে কাজ করো, নিজের আত্মসম্মান বজায় রেখে চুপচাপ পরিশ্রম করে যাও। কারণ অনেক সময় যখন মনে হয়, জীবনে সব ভালোই চলছে, কীভাবে যে জীবন তোমার পরীক্ষা নেবে, বুঝতেও পারবে না! কিন্তু এ সময়ই আরও সততার আর আশা নিয়ে নিজের গল্প নিজেই লেখা উচিত।'

শাহরুখ সরাসরি না বললেও পুত্র আরিয়ানের গ্রেফতারের কথাই বললেন, তা স্পষ্ট বোঝা গেছে। কর্ডেলিয়া ক্রুজ কাণ্ডের যাবতীয় অভিযোগ অবশ্য পরে খারিজ করে দেয় আদালত এবং আরিয়ান সম্পূর্ণ নির্দোষ প্রমাণিত হয়েছেন। কিন্তু সে সময় প্রায় ১ মাস জেলে থাকতে হয়েছিল তাকে। অনেক দরজায় কড়া নেড়েও ছেলের জন্য তার আগে জামিন জোগাড় করতে পারেননি শাহরুখ।

বক্তৃতা শেষ করেন নিজের সিনেমা 'ওম শান্তি ওম' সিনেমার একটি সংলাপ দিয়ে। 'যতক্ষণ না শেষটা আনন্দের হয়, ততক্ষণ সেটা শেষ হয় না'।

শাহরুখ একই অনুষ্ঠানে 'পাঠান' এবং 'জওয়ান' সিনেমা অতুলনীয় বক্স অফিস সাফল্যের জন্য দর্শককে ধন্যবাদ দেন। তিনি স্বীকার করেন, যারা এ সিনেমাগুলো দেখেছেন, তাদের মধ্যে অনেকেই হয়তো তার অভিনয়ের ভক্ত নন। কিন্তু তার পাশে দাঁড়াতেই তার সিনেমা হলে গিয়েছেন। সেই জন্য তিনি কৃতজ্ঞ।

২০২৩ সালে মুক্তিপ্রাপ্ত শাহরুখের সিনেমা 'পাঠান', 'জওয়ান' এবং 'ডানকি' সিনেমা বিশ্বজুড়ে ২৫০০ কোটি রুপি বেশি ব্যবসা করেছে। তবে নতুন সিনেমায় ফেরার ইঙ্গিত দিলেও এর নাম ঘোষণা করা হয়নি

## আমাদের ভাল শিক্ষা দেওয়া উচিত, অ্যানিমেল ছবি নিয়ে মুখ খুললেন সানি লিওন





স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : বক্স অফিসে আয়ের রেকর্ড গড়লেও বিতর্কের শেষ নেই রণবীর কাপুর অভিনীত ছবি অ্যানিম্যাল নিয়ে। ছবিতে ভায়োলেন্স, রোম্যান্স এবং নারী নির্যাতনের বিষয়গুলো নিয়ে সমালোচনা হয়েছে। অভিনেত্রী সানি লিওন এবার রণবীরের এই ছবি নিয়ে মন্তব্য করেছেন।

যখন ছবিটি নিয়ে নানা বিতর্ক- বিশেষ করে তৃপ্তি দিমরিকে দিয়ে জুতা চাটার দৃশ্য নিয়েও কথা উঠেছে। এ নিয়ে প্রশ্নের মুখে সানি বললেন,ওকী সিনেমা মানুষ দেখবেন সেটা তাদের নিজের ব্যাপার। সবসময় এমনটা নয়, কেউ কিছু লিখছে, কেউ কিছু বানাচ্ছে মানে সেটা আমাদের বিশ্বাস করতে হবে। সেটা আমাদের পছন্দ। অল্পবয়সীদের ক্ষেত্রে বিষয়টা স্পর্শকাতর।

এক্ষেত্রে, বাবা মায়ের একটু সাবধান থাকা উচিত। তারা কী দেখছে, সেক্ষেত্রে একটু ভাল করে তাদের বোঝানো উচিত। এগিয়ে গিয়ে বন্ধু হিসেবে তাদের সাথে কথা বলতে হবে। আমাদের ভাল থাকা উচিত, ভাল শিক্ষা' দেওয়া উচিত- একে অপরের পাশে দাঁড়ানো উচিত বলেও মনে করেন সানি।

এর আগে, রণবীর কাপুরের এই ছবি নিয়ে কথা বলেন জাভেদ আখতার। তিনি বলেছিলেন, মানুষের কী করে ভাল লাগতে পারে এ ছবি! এত ভায়োলেন্স, এর উগ্রতা..!

### বড় জয়ে শীর্ষস্থান

# আরও মজবুত লিভারপুলের



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : ইংলিশ প্রিমিয়ার লিগের পয়েন্ট টেবিলের শীর্ষেই ছিল লিভারপুল। দ্বিতীয় স্থানে থাকা ম্যানচেস্টার সিটির সঙ্গে অলরেডদের পয়েন্ট ব্যবধান ছিল ২। যে কারণে বোর্নমাউথের বিপক্ষে ম্যাচটি হেরে গেলে শীর্ষস্থানও হারাতে হতো লিভারপুলকে।

তবে সেটি হতে দেননি দারউইন নুনিয়েজ ও দিয়াগো জোতা। তাদের দুটি করে করা গোলে বোর্নমাউথকে ৪-০ গোলে উড়িয়ে শীর্ষস্থান আরও মজবুত করেছে লিভারপুল। সিটি থেকে এখন ৫ পয়েন্ট এগিয়ে ইয়ুর্গেন ক্লপের শিষ্যরা। এ নিয়ে লিগ খেলায় টানা ১৪ ম্যাচে অপরাজিত থাকলো লিভারপুল।

ম্যাচের ফলাফল একপেশে মনে হলেও প্রথমার্ধে লিভারপুলকে কঠিন পরীক্ষায় বসিয়েছে স্বাগতিক বোর্নমাউথ। এই অর্ধে সফরকারীদের গোল করার তেমন কোনো সুযোগই দেননি তারা। তবে দ্বিতীয়ার্ধে খেলতে নেমে নিজেদের জাত চেনাতে পেরেছে লিভারপুল।

ম্যাচের ৪৯ মিনিটে লিভারপুলের হয়ে প্রথম গোল করেন দারউইন নুনিয়েজ। উরুগুয়ের এই ফরোয়ার্ড নিজের দ্বিতীয় গোল ও দলের শেষ গোল করেন অতিরিক্ত সময়ের তৃতীয় মিনিটে। মাঝখানে দিয়াগো জোতা দুটি গোল করেন ৭০ ও ৭৯ মিনিটে।

ফর্মে না থাকায় নুনিয়েজকে তো কয়েক ম্যাচের জন্য বেঞ্চেই বসিয়ে রেখেছিলের ক্লপ। তবে সুযোগ পেয়ে দলে ফিরেই লিভারপুলকে লভ্যাংশ বুঝিয়ে দিলেন নুনিয়েজ।

দলে ছিলেন না মোহাম্মদ সালাহ। তবে মিশরীয় এই তারকা ফুটবলারের অভাব বুঝতে দেননি জোতা-নুনিয়েজরা। সালাহ আফ্রিকান নেশনস কাপে ঘানার বিপক্ষে খেলতে নেমে হ্যামস্ট্রিংয়ে চোট পেয়েছেন। সেখানে মিশরের হয়েও দুটি খেলা মিস করবেন তিনি।

### রেকর্ডমূল্যে ২০২৮ সাল পর্যন্ত

# আইপিএলের স্পন্সর টাটা



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : ইতিহাসের রেকর্ডমূল্যে আইপিএলের স্পন্সরশিপ কিনে নিয়েছে ভারতীয় বহুজাতিক কোম্পানি টাটা। ২০২২ সালের প্রথমবারের মতো আইপিএলের স্পন্সরশিপ নেওয়ার পর এবার ভারতীয় ক্রিকেট নিয়ন্ত্রক সংস্থা-বিসিসিআইয়ের সঙ্গে আর পাঁচ বছর চুক্তির মেয়াদ বাড়িয়েছে কোম্পানিটি।

এই পাঁচ বছরে বিসিসিআইকে ২৫০০ কোটি টাকা পরিশোধ করবে টাটা। অর্থাৎ প্রতি বছর বিসিসিআইকে ৫০০ কোটি টাকা করে দিতে হবে টাটার। এছাড়া নারী আইপিএলের স্পন্সরও এই বহুজাতিক কোম্পানিটি।

এর আগে আইপিএলের স্পন্সর ছিল চীনের মোবাইল ও প্রযুক্তি কোম্পানি ভিভো। ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত ২ হাজার ১৯৯ কোটি টাকার বিনিময়ে স্পন্সর কিনে নিয়েছিল তারা। ২০২০ সালে চীন-ভারত রাজনৈতিক উত্তেজনার কারণে ভিভোর সঙ্গে সাময়িক ভাবে বিচ্ছেদ ঘটে বিসিসিআইয়ের। যে কারণে ২০২০ সালের আসরে আইপিএলের স্পন্সর ছিল ড্রিম ১১। এরপর ২০২১ সালে ফের আইপিএলের স্পন্সর হয় ভিভো।

ভিভো থেকে প্রায় ১৩.৭ শতাংশ বেশি মূল্য দিয়ে আইপিএলের টাইটেল স্পন্সর হতে বিসিসিআইয়ের সঙ্গে চুক্তির মেয়াদ আরও পাঁচ বছর বাড়ালো টাটা।

এ বিষয়ে আইপিএলের চেয়ারম্যান অরুণ সিং ধুমাল বলেছেন, '২০২৪ থেকে ২০২৮ সাল পর্যন্ত স্পনসর হিসেবে টাটা গ্রুপের সঙ্গে এই চুক্তি আইপিএলের যাত্রায় একটি উল্লেখযোগ্য মাইলফলক। ২৫০০ কোটি টাকার এই রেকর্ড চুক্তি প্রমাণ করে, খেলার জগতে আইপিএলের মূল্য ও আবেদন কত বেশি।'

তিনি আরও বলেন, 'এই অভূতপূর্ব অর্থ লিগ ইতিহাসে শুধু একটি নতুন মাপকাঠিই স্থাপন করেনি, বরং বিশ্বের অন্যতম প্রধান ক্রীড়া ইভেন্ট হিসেবে আইপিএলের প্রভাবশালী অবস্থানও নিশ্চিত করে। ক্রিকেট ও খেলাধুলার প্রতি টাটা গ্রুপের প্রতিশ্রুতি সত্যিই প্রশংসনীয়। আমরা একসঙ্গে নতুন উচ্চতায় পৌঁছাতে ও ক্রিকেট অনুরাগীদের অতুলনীয় বিনোদন দিতে মুখিয়ে আছি।'

### ব্যালন ডি'অর ও ফিফা দ্য বেস্ট

# বিশ্বাসযোগ্যতা হারিয়েছে: রোনালদো




স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : ব্যালন ডি'অর ও ফিফা দ্য বেস্ট পুরস্কারে আগের মতো আস্থা নেই ক্রিস্টিয়ানো রোনালদোর। ছয় বছর আগে সর্বশেষ ব্যালন ডি□অর ও দ্য বেস্ট জেতা এই পর্তুগিজ তারকার দাবি, পুরস্কার দুটি বিশ্বাসযোগ্যতা হারিয়ে ফেলছে।

সদ্যই দুবাইয়ে গ্লোব সকার অ্যাওয়ার্ডে বছরের সেরা গোলদাতার পুরস্কার জিতেছেন ক্রিশ্চিয়ানো রোনালদো। ২০২৩ সালে ৫৪ গোল করে সবাইকে ছাপিয়ে তিনিই হয়েছে সর্বোচ্চ গোলদাতা। আর্লিং হলান্ড, কিলিয়ান এমবাপ্পে, হ্যারি কেইনদের সঙ্গে পাল্লা দিয়েছেন সিআর সেভেন। অপরদিকে লিওনেল মেসি জিতেছেন ফুটবলে ব্যক্তিগত সবচেয়ে মর্যাদাপূর্ণ দুটি পুরস্কার। ক্যারিয়ারের অষ্টম ব্যালন ডি'অর ও তৃতীয় ফিফা দ্য বেস্ট জিতেছেন আর্জেন্টাইন মহাতারকা। তবে গ্লোব সকার অ্যাওয়ার্ডে সেরা গোলদাতার পুরস্কার জেতা রোনালদো কাছে এখন আর ব্যালন ডি'অর কিংবা ফিফা দ্য বেস্ট পুরস্কারের গুরুত্ব নেই। ফিফা এবং ফ্রান্স ফুটবলের দেওয়া এই পুরস্কারগুলো বিশ্বাসযোগ্যতা হারাচ্ছে বলেও দাবি করেছেন সিআর সেভেন। গ্লোব সকার অ্যাওয়ার্ডে সেরা গোলদাতা হওয়ার জন্য 'ম্যারাডোনা অ্যাওয়ার্ড' জিতেছেন রোনালদো। পর্তুগিজ তারকার মতে, তার জেতা পুরস্কারটি পুরোপুরি পরিসংখ্যান নির্ভর, যেখানে ফিফা দ্য বেস্ট কিংবা ব্যালন ডি'অর দেওয়া হয়ে থাকে ভক্ত-সমর্থকদের ভোটে। তাই পরিসংখ্যান দিয়ে বিচার করে যে পুরস্কার দেওয়া হয় সেটিই বেশি গ্রহণযোগ্য বলে মনে করেন আল-নাসের ফরোয়ার্ড।

তিনি বলেছেন 'ব্যালন ডি'অর ও ফিফা দ্য বেস্ট তাদের বিশ্বাসযোগ্যতা হারাচ্ছে। নাম্বার সবসময়ই সত্যি কথা বলে। আমি বলছি না যে মেসি এই পুরস্কারগুলোর প্রাপ্য না, এমনকি হালান্ড বা এমবাপ্পেও। কিন্তু আমাদেরকে পুরো মৌসুম নিয়ে বিশ্লেষণ করতে হবে। আমার এসব পুরস্কারের ওপর আর কোনো বিশ্বাস নেই।' এরপর রোনালদো আরও বলেন, 'এমন না যে আমি গ্লোব সকার অ্যাওয়ার্ডে জিতেছি বলে এসব বলছি। আপনি আমার নাম্বারগুলো দেখতে পারেন। তারাই আমার হয়ে কথা বলবে। আপনি আমার কাছ থেকে এই পুরস্কারটি কেড়ে নিতে পারবেন না কারণ নাম্বারগুলো সবাই দেখতে পাচ্ছে। আমি এখন আরও বেশি খুশি।' ২০২৩ সালে আল নাসরের হয়ে ৫৯ ম্যাচে ৫৪ গোল করেছেন রোনালদো। গত বছর এত গোল করতে পারেননি অন্য কেউ। তবে এত গোল করলেও ২০২৩ সালের ব্যালন ডি্অর বা ফিফা দ্য বেস্ট পুরস্কারের সংক্ষিপ্ত তালিকায় জায়গা পাননি রোনালদো। ২০২২ ফিফা বিশ্বকাপের মাঝপথে ম্যানচেস্টার ইউনাইটেডের সঙ্গে চুক্তি বাতিল করেন রোনালদো, বিশ্বকাপও ভালো যায়নি তাঁর। এই মুহূর্তে সৌদির লিগে করিম বেনজেমা, নেইমার, সাদিও মানে, রবার্তো ফিরমিনোসহ অনেক নামী খেলোয়াড় থাকলেও রোনালদো আল নাসরে নাম লেখানোর সময় লিগটি ইউরোপে আলোচনায়ই ছিল না।

# এমবাপ্পের জোড়া গোল, ফ্রেঞ্চ কাপের শেষ ষোলোয় পিএসজি



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : প্যারিস সেইন্ট জার্মেইয়ের (পিএসজি) ফরাসি তারকা কিলিয়ান এমবাপ্পে চলতি বছরের শুরু থেকেই দুর্দান্ত ফর্মে রয়েছেন। এবার ফ্রেঞ্চ কাপের ম্যাচেও জোড়া গোল করলেন এমবাপ্পে। পাশাপাশি এক গোলে করেছেন সহায়তা। তাতে অরলেয়ান্সকে ৪-১ গোলে হারিয়ে ফ্রেঞ্চ কাপের শেষ ষোলোতে উঠে গেছে পিএসজি।

২০ জানুয়ারি প্রতিপক্ষের মাঠে ম্যাচের শুরুতেই নিজেদের দখলে বল রেখে ষোড়শ মিনিটের মাথায় এগিয়ে যায় পিএসজি। গোল করেন এমবাপ্পে। প্রথমার্ধে এই এক গোলেই সন্তুষ্ট থাকতে হয় পিএসজিকে।

দ্বিতীয়ার্ধে নেমেও নিজেদের আক্রমণের ধারা বজায় রাখে ফরাসি ক্লাবটি। তাতে ৬৩ মিনিটে এমবাপ্পেই পিএসজির পক্ষে ব্যবধান ২-০ করেন। তবে দুই গোল করেই থামেননি এই বিশ্বকাপজয়ী তারকা। গনসালো রামোস ও মাইয়ুলুলের গোলে করেন সহায়তা। আর তাতেই বড় জয় নিয়ে মাঠ ছাড়ে লুইস এনরিকের দল।

চলতি মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ২৬ ম্যাচে এমবাপ্পে গোল করেছেন ২৮টি। সঙ্গে আছে ৬টি সহায়তাও। নতুন বছরে এমবাপ্পে যেন আরও দুর্দান্ত। এ বছর ৪ ম্যাচ খেলে এমবাপ্পে গোল করেছেন ৭টি এবং সহায়তা ৪টিতে। অর্থাৎ এ বছর মাত্র ৪ ম্যাচেই ১১ গোলে অবদান রেখেছেন এমবাপ্পে।

### ০-২ গোলে পিছিয়ে পড়ে

# ৩-২ গোলে জিতল দুর্দান্ত রিয়াল!



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : ০-২ গোলে পিছিয়ে পড়েও শেষ পর্যন্ত স্প্যানিশ লা লিগায় আলমেরিয়াকে ৩-২ গোলে হারিয়েছে রিয়াল মাদ্রিদ। এই ম্যাচে রিয়ালের ত্রাতা হয়ে হাজির হয়েছিলেন ডিফেন্ডার দানি কারভাহাল। যোগ করা সময়ে তার গোলেই ম্যাচ জেতে মাদ্রিদ জায়ান্টরা। রিয়ালের অন্য দুটি গোল করেছেন জুড বেলিংহাম ও ভিনিসিয়ুস জুনিয়র।

২০ ম্যাচে ৫১ পয়েন্ট নিয়ে এখন পয়েন্ট তালিকার শীর্ষে রিয়াল। সমান ম্যাচে জিরোনার পয়েন্টও ৪৯। আজ রাতে ঘরের মাঠে সেভিয়াকে হারালে অবশ্য আবার শীর্ষে উঠে যাবে জিরোনা।

এই ম্যাচের ৩৮তম সেকেন্ডেই পিছিয়ে পড়েছিল রিয়াল। লারজি রামাজানির গোলে এগিয়ে যায় আলেমেরিয়া। রিয়াল ৪৩ মিনিটে এদগার গঞ্জালেসের গোলে ২-০তে এগিয়ে যায় আলমেরিয়া। ৫৭ মিনিটেই গোল পায় রিয়াল। ৬৭ মিনিটে আসে দ্বিতীয় গোল। তার পরের গোলটি আসে যোগ করা সময়ে।

# কেন হঠাৎ রেগে গেলেন মানে?



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : বর্তমানে আফ্রিকান কাপ অব নেশন্সের (আফকন) খেলায় ব্যস্ত সেনেগালের তারকা ফরোয়ার্ড সাদিও মানে। সেখানে ইউরোপীয় ক্লাব ছেড়ে যাওয়ার প্রসঙ্গে প্রশ্ন করা হলে রেগে যান এই সেনেগালিজ তারকা।

আফকনে সর্বশেষ গ্রুপ পর্বের ম্যাচে ক্যামেরুনকে ৩-১ গোলে হারিয়েছে সেনেগাল। যা মানের দলকে নকআউট পর্বে উঠিয়ে দিয়েছে। জয়ের তৃপ্তি নিয়ে মাঠ ছাড়ার পর এক সাংবাদিক মানেকে সৌদি প্রো লিগে খেলার অভিজ্ঞতা জানতে চান। একইসঙ্গে ইউরোপ ছেড়ে যাওয়ায় এই ফরোয়ার্ড তেমন 'অ্যাটেনশন' পাচ্ছেন না বলেও উল্লেখ করেন ওই প্রশ্নকর্তা। যা শুনে মেজাজ ধরে রাখতে পারেননি মানে।

লিভারপুলের সাবেক এই তারকা বলেন, 'আপনি কি তাই মনে করেন (আকর্ষণ কম) আমি ইউরোপে নেই বলে? এটি খুবই দুঃখজনক। আপনাকে জানাতে চাই- আপনি ইউরোপে খেলছেন কি না, এটি কোনো বিষয়ই না। বিশেষত একজন ফুটবল খেলোয়াড় হিসেবে আমি এমনটা মনে করি না।'

মানে আরও বলেন, 'সৌভাগ্যবশত আমি বলতে পারি সৌদি লিগ খুব ভালো একটি প্রতিযোগিতা, যা সারাবিশ্বের সব মানুষই দেখে। তাই আমি ব্যক্তিগতভাবে প্রতিটি মিনিট সেখানে উপভোগ করতে চাই এবং নিজের সেরা দিতে চাই দলের জন্য। এর বাইরে আর কোনো কিছুকে আমি গুরুত্বপূর্ণ মনে করি না।'

# দাপুটে জয়ে কোয়ার্টারে জোকোভিচ



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : গ্র্যান্ডস্ল্যাম ইতিহাসে গত ৩১ বছরে কোনো খেলোয়াড়ই 'ট্রিপল বেগেল' নিয়ে ম্যাচ জিততে পারেননি। একপর্যায়ে মনে হয়েছিল নোভাক জোকোভিচের হাত ধরেই সেই খরা কাটবে। কিন্তু তৃতীয় সেটে এসে খেই হারালেন এই সার্বিয়ান তারকা।

যদিও দাপুটে জয়েই কোয়ার্টার ফাইনালে পা রাখেন তিনি। এক ঘণ্টা ৪৪ মিনিটের লড়াইয়ে ২০তম বাছাই আদ্রিয়ান মানারিনোকে উড়িয়ে দেন ৬-০, ৬-০, ৬-৩ গেমে।

আসরের প্রথম দুই রাউন্ডে সরাসরি সেটে জিততে পারেননি জোকোভিচ। অসুস্থতা নিয়ে লড়ে যাওয়ার কথা জানিয়েছিলেন তিনি। তৃতীয় রাউন্ডে ছন্দ খুঁজে পেয়ে ম্যাচ জিতে নেন তিন সেটেই। রড লেভার অ্যারেনায় আজ পাত্তাই দিলেন না প্রতিপক্ষকে। দুর্দান্ত এই জয়ে গ্র্যান্ডস্ল্যাম ইতিহাসে ৫৮ বার কোয়ার্টার ফাইনালে উঠলেন। ছুঁয়েছেন রজার ফেদেরারের রেকর্ড।

### শোয়েব মালিককে শুভকামনা জানিয়ে

# এবার মুখ খুললেন সানিয়া মির্জার বোন



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : ভারতের সাবেক টেনিস তারকা সানিয়া মির্জার সঙ্গে বিবাহ বিচ্ছেদ হয়েছে পাকিস্তানের তারকা ক্রিকেটার শোয়েব মালিকের। নতুন করে সানা জাভেদ নামে এক পাকিস্তানি অভিনেত্রীকে বিয়ে করেছেন শোয়েব। যা এখন টক অব দ্য মিডিয়ায় পরিণত হয়েছে। বিষয়টি নিয়ে সানিয়া এখনও কোনো মন্তব্য না করলেও তার পক্ষে শোয়েব মালিককে শুভকামনা জানিয়েছেন বোন আনাম মির্জা। শোয়েব মালিকের তৃতীয় বিয়ের খবর প্রকাশ্যে আসার পরদিন আজ রবিবার এক ইন্সটাগ্রাম পোস্টে বিষয়টি নিয়ে মুখ খুললেন তিনি।

আনাম মির্জা লিখেছেন, সানিয়া সব সময়ই তার ব্যক্তিগত জীবনকে লোকচক্ষুর আড়ালে রাখতে চেয়েছেন। যাই হোক, আজ এটা জানানোর প্রয়োজন হয়েছে যে শোয়েব আর তার বিবাহবিচ্ছেদ কয়েক মাস আগেই হয়েছে। তিনি শোয়েবের নতুন যাত্রার জন্য শুভকামনা জানিয়েছেন।

সানিয়ার জীবনের এই স্পর্শকাতর সময়ে আমরা চাইব, তার গোপনীয়তার স্বার্থে যেকোনো জল্পনা থেকে যেন সবাই বিরত থাকেন- বলেও ওই ইন্সটাগ্রাম পোস্টে উল্লেখ করেন আনাম। এদিকে, শোয়েবের বিয়ের খবরে যখন মিডিয়া তোলপাড় তখন অস্ট্রেলিয়া ওপেনে ধারাভাষ্যে ব্যস্ত সময় পার করছেন সানিয়া।

যদিও এর আগে, অতিসম্প্রতি বিচ্ছেদের ইঙ্গিত দিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে একাধিক পোস্ট দিয়েছিলেন সানিয়া। গত ১৭ জানুয়ারি নিজের ইনস্টাগ্রামে পোস্ট করা এক স্টোরিতে বিচ্ছেদের বিষয়টিকে আরও বেশি উসকে দেন তিনি। সানিয়া লেখেন, 'বিয়ে কঠিন। বিচ্ছেদও কঠিন। নিজের কঠিনটাকে বেছে নিন। স্থূলতা ভালো নয়। ফিট থাকাও কঠিন। নিজের কঠিনটা বেছে নিন। ঋণের মধ্যে থাকা কঠিন। অর্থনৈতিক শৃঙ্খলা বজায় রাখা কঠিন। নিজের কঠিনটা বেছে নিন। যোগাযোগ রাখা কঠিন। যোগাযোগ না রাখাও কঠিন। নিজের কঠিনটাকে বেছে নিন। জীবন কখনো সহজ নয়। এটা সবসময় কঠিন। কিন্তু আপনি আপনার কঠিনটা বেছে নিতে পারেন। বেছে নিন।'

সানিয়ার এমন স্ট্যাটাসে শোয়েবের সঙ্গে তার বিচ্ছেদ নিয়ে নতুন জল্পনা তৈরি হয়। এছাড়া চলতি বছরের শুরুতে গত ৮ জানুয়ারি অন্য এক পোস্টে সানিয়া লেখেন, 'যখন কিছু আপনার হৃদয়ের শান্তিকে বিঘ্নিত করে, তা ছেড়ে দিন।' সাবেক এই টেনিস তারকার এমন স্ট্যাটাস নিয়ে যখন নতুন বছরের শুরু থেকে জল্পনা তুঙ্গে তখন তৃতীয় বিয়ের খবর সামনে আনলেন শোয়েব।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR